

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০১.১৯/২৬ ৪৫/৫

তারিখ : ২৬/০৬/২০১৯ খ্রি.


বিষয়: চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন মহারাজপুর এসমা খাতুন চৌধুরী মহাবিদ্যালয়ে বিজ্ঞান শাখায় প্রদর্শক (পদার্থ ও রসায়ন) পদ সৃষ্টি।

সূত্র: কলেজের স্মারক নং-ভম ২০৭/২০১৮, তারিখ: ২৫/১১/২০১৮খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন মহারাজপুর এসমা খাতুন চৌধুরী মহাবিদ্যালয়ে বিজ্ঞান শাখায় প্রদর্শক (পদার্থ ও রসায়ন) পদ সৃষ্টি করার বিষয়ে অধ্যক্ষ অভিযোগ করেন। অধ্যক্ষের অভিযোগের বিষয়ে মতামত প্রদানের জন্য মাউশি অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ মতামত প্রেরণ করেন।

মতামত : ২০০৮ সালে জীববিজ্ঞান, পদার্থ রসায়ন এবং ভূগোল বিষয়ে প্রদর্শক নিয়োগ দেয়া হয়। শিক্ষক কর্মচারী হাজিরাবহিতে ২০০৮ সাল হতে ২০১০ সালের জানুয়ারি মাস পর্যন্ত ০৪(চার) জন প্রদর্শকের হাজিরা পাওয়া যায়। ফেব্রুয়ারি/২০১০ মাস হতে ডিসেম্বর/২০১৮ পর্যন্ত জীববিজ্ঞান, পদার্থ, রসায়ন এবং ভূগোল বিষয়ে প্রদর্শকদের কোন হাজিরা নাই। এমপিও না থাকায় জীব বিজ্ঞান, পদার্থ, রসায়ন এবং ভূগোল বিষয়ের অনুমোদন না পাওয়ায় এই তিন বিষয়ের প্রদর্শকগণ মহাবিদ্যালয়ে আসেন না। সংশ্লিষ্টদের অনুপস্থিতির বিষয়ে অধ্যক্ষ কর্তৃক কারণ দর্শানো হয়েছিল, কারণ দর্শানোর নোটিশ উপস্থাপন করতে পারেন নাই। কেবল মাত্র এমপিওভুক্ত মনোবিজ্ঞানের প্রদর্শকের হাজিরা পাওয়া যায়। মহারাজপুর এসমা খাতুন চৌধুরী মহাবিদ্যালয়টিতে বিজ্ঞান শাখা চালু আছে, কিন্তু পরিদর্শনে কেবলমাত্র একাদশ প্রথম বর্ষের ১৩ (তের) জন ছাত্রী (বিজ্ঞান শাখায় ০৩ জন) উপস্থিত ছিল। টিনসেড আধাপাকা একটি কক্ষের মধ্যে একটি স্টিল আলমারিতে মনোবিজ্ঞানের ব্যবহারিক ক্লাসের এবং কাঠের আলমারিতে কিছু বইপত্র আছে। কক্ষটি মনোবিজ্ঞানের ব্যবহারিক এবং লাইব্রেরি হিসেবে ব্যবহার করা হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো- ১৯৯৫, ২০১০ এবং সর্বশেষ-২০১৮ অনুযায়ী উচ্চ মাধ্যমিক কলেজে প্রদর্শকের ০১টি পদ আছে এবং গবেষণাগার থাকা সাপেক্ষে অতিরিক্ত আরও ১টি পদের কথা উল্লেখ আছে। কলেজটিতে বিজ্ঞান বিষয়ের কোন গবেষণাগার নাই এমনকি গবেষণাগারের জন্য ন্যূনতম বৈজ্ঞানিক যন্ত্রপাতিও নাই। এছাড়া অনুমোদনপ্রাপ্ত পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান বিষয়ের প্রদর্শকদ্বয় ০৮ বছর ১১ মাস অনুপস্থিত।

এমতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাও বক্তব্যের বিষয়ে মতামত প্রেরণের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: এনামুল হক হাওলাদার)

উপপরিচালক (কলেজ-২)

ফোন নং- ৯৫৫৭৬৯১

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

মহারাজপুর এসমা খাতুন চৌধুরী মহাবিদ্যালয়  
সদর, চাঁপাইনবাবগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, মহারাজপুর এসমা খাতুন চৌধুরী মহাবিদ্যালয়, সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। সংরক্ষণ নথি।